

ফাতওয়া নম্বার: ৩৯৫

প্রকাশকাল: ৩০-০৭-২০২৩ ইং

কোনটি আগে? বকেয়া মোহর, না হজ?

প্রশ্ন:

অবহেলা বশত আমার স্ত্রীর মোহরানা পূর্ণ আদায় করা হয়নি। এখন আমার কাছে যে অর্থ আছে, তাতে আমি হজ করতে পারি। কিন্তু বকেয়া মোহর আদায় করলে হজের খরচ হবে না। এখন আমি কি মোহর আদায় না করে হজ করতে পারবো?

-আব্দুল্লাহ

উত্তর:

আপনার স্ত্রী যদি চান, তার বকেয়া মোহর এখনি তাকে দিয়ে দেন, তাহলে আপনার জন্য তার মোহর পরিশোধ করা উত্তম হবে এবং মোহর পরিশোধ করার পর যদি হজে যাওয়ার পরিমাণ অর্থ অবশিষ্ট না থাকে, তাহলে আপনার উপর এই মুহূর্তে হজ ফরয হবে না। আর যদি স্ত্রী চান, তার বকেয়া মোহর পিছিয়ে হলেও হজ করে আসেন, তাহলে আপনার জন্য হজ করা উত্তম হবে এবং এতে আপনার ফরয হজ আদায় হয়ে যাবে।

স্ত্রী চান বা না চান, আপনি যদি এখন তার মোহর পরিশোধ না করেন, তাহলে আপনার উপর হজ ফরয হয়ে যাবে। বলা বাহুল্য, হজ ফরয হলে কিছুতেই তা বিলম্ব করা উচিত নয়। -রদ্দুল মুহতার: ২/২৬০

উল্লেখ্য, সামর্থ্য থাকলে স্ত্রীর মোহর আদায়ে বিলম্ব করা ঠিক নয়। যথাসম্ভব দ্রুত আদায় করে দেয়া কাম্য।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২০-১২-১৪৪৪ হি.

০৯-০৭-২০২৩ ঈ.

